

সংগঠন সংবাদ

ড্যাফোডিল ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভা

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির অ্যালামনাই অ্যাসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভা মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের ব্যালুয়েট হলে অনুষ্ঠিত হয়। ডিআইইউ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি মঞ্জুরুল আলম জুয়েলের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. মো. সবুর

খান। বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. ইউসুফ মাহাবুবুল ইসলাম, পরীক্ষা নিয়ন্ত্রক ও প্রক্টর অধ্যাপক ড. গোলাম মাওলা চৌধুরী, অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রতিষ্ঠাতা সভাপতি ও বিশ্ববিদ্যালয়ের পরিচালক (হিসাব ও অর্থ) মমিনুল হক মজুমদার, বাণিজ্য ও অর্থনীতি



জিয়াউল হক সুমন

মোহাম্মদ তরিকুল ইসলাম

অনুষদের সহযোগী ডিন মাসুম ইকবাল এবং টুরিজম ও হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের বিভাগীয় প্রধান মাহবুব পারভেজ।

সভায় ২০১৮-১৯ সালের নব গঠিত কমিটির সভাপতি পদে এয়ারটেল বাংলাদেশ লিমিটেডের আঞ্চলিক ব্যবস্থাপক জিয়াউল হক সুমন এবং সাধারণ সম্পাদক প্রিমিয়ার ব্যাংক লিমিটেডের জুনিয়র ভাইস প্রেসিডেন্ট মোহাম্মদ তরিকুল ইসলাম নির্বাচিত হয়েছেন। ৩১ সদস্য বিশিষ্ট এই কমিটির অন্য সদস্যরা হলেন সহ-সভাপতি ইসহাক মিজি, রাসেল প্রধানীয়া, মহীন চৌধুরী, মাহমুদুল হাসান, রফিক আহমেদ, যুগ্ম সাধারণ সম্পাদক আফসারুল রহমান, মাহমুজুর রহমান, আনিসুর রহমান এবং কোষাধ্যক্ষ রেজাউল করিম প্রমুখ। বিজ্ঞপ্তি